অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/26/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) 26 নভেম্বরকে নিউ ইয়র্কের 'SOJOURNER TRUTH (সোজার্নার ট্রুথ) দিবস' হিসেবে ঘোষণা করে নতুন আইন সাইন করলেন

লেজিস্লেশন S1480-A/A6583-A লিজেন্ডারি বিলোপবাদী এবং নারী অধিকারের অ্যাডভোকেট Sojourner Truth-এর (সোজার্নার ট্রুথ) সম্মানে বার্ষিক দিবস প্রতিষ্ঠা করে, তিনি আলস্টার কাউন্টিতে জন্ম নিয়েছিলেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে লেজিস্লেশন S1480-A/A6583-A সাইন করেছেন যা 26 নভেম্বরকে নিউ ইয়র্ক স্টেটের (State of New York) Sojourner Truth (সোজার্নার ট্রুথ) দিবস হিসেবে প্রতিষ্ঠা করে, আলস্টার কাউন্টিতে (Ulster County) জন্ম নেওয়া লিজেন্ডারি বিলোপবাদী এবং নারী অধিকারের অ্যাডভোকেট Sojourner Truth-এর (সোজার্নার ট্রুথ) সম্মানে এটি করা হয়েছে।

"Sojourner Truth-এর (সোজার্নার ট্রুথ) ছিলেন আমেরিকার ইতিহাসের সবথেকে মহান নেতাদের একজন, তিনি স্বাধীনতা এবং সমতার লড়াইয়ে নিজের জীবন উৎসর্গ করেছিলেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "Sojourner Truth-এর (সোজার্নার ট্রুথ) লিগেসির জন্য একটি বার্ষিক সম্মানের দিবস প্রতিষ্ঠা করা হলো নিউ ইয়র্কে জন্ম নেওয়া এই আইকনের জন্য সঠিক শ্রদ্ধাঞ্জলি।"

Sojourner Truth-এর (সোজার্নার ট্রুথ) 1797 সালে হাডসন ভ্যালিতে (Hudson Valley) জন্ম নিয়েছিলেন এবং 1826 সালে পালানোর আগে পর্যন্ত তাকে নিউ ইয়র্কে ক্রীতদাস করে রাখা হয়েছিলো। আলস্টার কাউন্টির কোর্টহাউজের (Ulster County Courthouse) ঐতিহাসিক কার্যধারায় Sojourner Truth (সোজার্নার ট্রুথ) প্রথম কৃষ্ণাঙ্গ নারী হিসেবে সফলভাবে তার ছেলের ক্রীতদাস অবস্থা থেকে মুক্তির জন্য মামলা করেন। ক্রীতদাস প্রথা বিলুপ্ত করার লড়াইয়ের জন্য সারা দেশে ভ্রমণ করে Sojourner Truth (সোজার্নার ট্রুথ) তার বাকি জীবন কাটিয়েছেন।

2022 সালে গভর্নর Hochul (হোকল) আলস্টার কাউন্টিতে Sojourner Truth (সোজার্নার ট্রুথ) স্টেট পার্ক তৈরির ঘোষণা দেন। এই নতুন স্টেট পার্কটিতে, যা 2019 সালের পর থেকে খোলা প্রথম নতুন পার্ক, হাডসন রিভার (Hudson River) এবং ঐতিহাসিক ইন্ডাস্ট্রিয়াল ধ্বংসাবশেষ এবং ইট তৈরি ও কোয়ারিংয়ের অবশিষ্টের দুর্দান্ত দৃশ্য আছে। এটি নিউ ইয়র্কের কিংস্টোনের (Kingston) প্রথম স্টেট পার্ক এবং গভর্নর Hochul-এর (হোকল) 2024 সালের স্টেট অফ দ্য

স্টেট (State of the State) থেকে পাওয়া সাম্প্রতিক বিনিয়োগের কারণে এটি আরো বিকশিত হতে এবং বড় হতে থাকবে।

স্টেটের সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চি) বলেন, "Sojourner Truth-এর (সোজার্নার ট্রুথ) ছিলেন একজন আমেরিকান হিরো, স্বাধীনতা ও সমতার জন্য তার অদম্য লড়াই আমাদেরকে তার মৃত্যুর প্রায় 200 বছর পরেও অনুপ্রাণিত করছে, নতুন প্রজন্মের তরুণ নেতাদেরকে তার লিগেসি এগিয়ে নিয়ে যাওয়ার জন্য উৎসাহ দিচ্ছে, এর মধ্যে Truth-এর (ট্রুথ) জন্মস্থান হাডসন ভ্যালির তরুণেরা আছে। নিউ ইয়র্কে Sojourner Truth (সোজার্নার ট্রুথ) দিবস প্রতিষ্ঠা করার জন্য আমাদের বিলের শুরু হয় Kingston YMCA Youth Crew-এর কারণে, তারা সেই সময়ের সবথেকে সফল বিলোপবাদী এবং নারী অধিকার অ্যাক্টিভিস্টদের একজনের যাত্রা সকলকে জানাতে নিউ ইয়র্ক স্টেটে আমাদের দায়িত্বকে বুঝতে পেরেছিলেন। সেই ভিশনকে আইনে পরিণত করতে পারা একটি সম্মানের ব্যাপার এবং আমাদের বিলকে আইন হিসেবে সাইন করার জন্য গভর্নর Hochul-কে (হোকল) আমি ধন্যবাদ জানাচ্ছি। নিউ ইয়র্কের জন্য প্রতি বছর 26 নভেম্বর শুধু Sojourner Truth-এর (সোজার্নার ট্রুথ) লিগেসিকে বাঁচিয়ে রাখার ব্যাপারে আমাদের অঙ্গীকার দেখা যাবে না, বরং নিউ ইয়র্কবাসীর হওয়ার অর্থ কী তা আরেকবার নিশ্চিত করবে। সবসময় সবার জন্য আরো উত্তম, আরো সমতার ভবিষ্যতের চেষ্টা করা।"

স্টেটের সিনেটর Lea Webb (লিয়া ওয়েব) বলেন, "26 নভেম্বরকে নিউ ইয়র্ক স্টেটের Sojourner Truth (সোজার্নার ট্রুথ) দিবস হিসেবে প্রতিষ্ঠা করতে পেরে আমি গর্বিত, এটি আমাদের স্টেটের সমৃদ্ধ ইতিহাসকে ন্যায়বিচার ও সমতার প্রতি আমাদের অঙ্গীকারের সাথে মিলিত করার একটি দিন। Sojourner Truth (সোজার্নার ট্রুথ) ছিলেন একজন ট্রেইলব্লেজিং কৃষ্ণাঙ্গ নারী যার জীবনের গল্প এখনো নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেক বাসিন্দার জন্য আশা ও দৃঢ়তার এটি মশাল হয়ে আছে। নারী ও নাগরিক অধিকারের চলমান সংগ্রামে তিনি বহু এবং মূল্যবান অবদান রেখেছেন। তার শক্তিশালী এবং অদম্য গলার স্বর স্ট্যাটাস কুয়োকে চ্যালেঞ্জ করে এবং আরো অনেক মানুষকে এমন একটি পৃথিবীর জন্য স্বপ্ন দেখার ও কাজ করার অনুপ্রেরণা দেয় যেখানে স্বাধীনতা ও সমতা শুধু আদর্শ হবে না, বরং সকলের জন্য বাস্তব হবে। এই লেজিস্লেশন স্পন্সর করার জন্য আমার কলিগ সিনেটর Hinchey-কে (হিঞ্চি) এবং গুরুত্বপূর্ণ এই লেজিস্লেশনকে আইন হিসেবে সাইন করার জন্য গভর্নর Hochul-কে (হোকল) আমি ধন্যবাদ জানাতে চাই। প্রত্যেক ব্যক্তির অধিকার ও মর্যাদার পক্ষে কাজ করে যাওয়া এখন বিশেষ করে দরকার।"

অ্যাসেম্বলির সদস্য Sarahana Shrestha (সারাহানা শ্রেষ্ঠা) বলেন, "Sojourner Truth (সোজার্নার ট্রুথ) যখন প্রথম কৃষ্ণাঙ্গ নারী হিসেবে সফলভাবে শ্বেতাঙ্গ পুরুষের বিরুদ্ধে মামলা করে তার ছেলেকে ক্রীতদাস অবস্থা থেকে মুক্ত করেন, তিনি থেমে যাননি, তিনি পুরো দেশের বাকি সবার জন্য লড়াই করে তার বাকি জীবন কাটিয়েছেন। তার সংকল্প মনে করিয়ে দেয় যে যারা অন্যায় ও অবিচারের সিস্টেমকে ভেঙ্গে দিতে অঙ্গীকার নেয় তারা জানে যে এটি সহজ কাজ নয়। কঠিন বলেই তারা এটি করে থাকেন এবং অসম্ভবকে সম্ভব করার ভিত্তি স্থাপন করার জন্য সাধারণ মানুষকেই কাজ করতে হয়, যেমনটি সে সময়ে Truth (ট্রুথ) এবং তার বিলোপবাদী পিয়াররা করেছিলেন। 26 নভেম্বরকে Sojourner Truth (সোজার্নার ট্রুথ) দিবস হিসেবে প্রতিষ্ঠা করতে সিনেটর Hinchey (হিঞ্চি) এবং গভর্নর Hochul-এর (হোকল) সাথে কাজ করতে পেরে আমি আনন্দিত, এবং Truth-এর (ট্রুথ) কাজকে প্রতিবছর সম্মানিত করতে চাই।"

অ্যাসেম্বলির সদস্য Michaelle Solages (মিশেল সোলাজেস) বলেন, "নিউ ইয়র্ক স্টেট গর্বের সাথে Sojourner Truth-এর (সোজার্নার ট্রুথ) লিগেসিকে সম্মান জানাচ্ছে, তিনি ছিলেন একজন ভিশনারি বিলোপবাদী এবং নারী অধিকারের নিরলস অ্যাডভোকেট। 26 নভেম্বরকে Sojourner Truth (সোজার্নার ট্রুথ) দিবস ঘোষণা করা হলো ন্যায়বিচার ও সমতার জন্য তার অসাধারণ অবদানের অর্থপূর্ণ স্বীকৃতি। এই দিনটি শুধু তার জীবনকে সেলিব্রেট করে না, বরং এছাড়াও তিনি যেই মূল্যবোধে বিশ্বাসী ছিলেন তার প্রতি আমাদের সবার প্রতিশ্রুতিকে জোরদার করে। Black, Puerto Rican, Hispanic and Asian Legislative Caucus-এর পক্ষ থেকে আমরা অ্যাসেম্বলির সদস্য Shrestha (শ্রেষ্ঠা), সিনেটর Hinchey (হিঞ্চি) এবং গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি কারণ তারা নিশ্চিত করেছেন যাতে এই অসাধারণ নিউ ইয়র্কবাসীর লিগেসি ভবিষ্যৎ প্রজন্মকেও অনুপ্রাণিত করতে পারে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন